বাংলাদেশ দূতাবাস
স্টকহোম, সুইডেন

নং-১৯.০১.৪৬০১.১০১.৪৬.০৯০.১৯-৩৫৬

তারিখঃ ১৬ সেপ্টেম্বর ২০২৬

নরওয়েতে ই-পাসপোর্ট ও বিশেষ কনস্যুলার ক্যাম্প

নরওয়েতে বসবাসরত সম্মানিত নাগরিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্টকহোমস্থ বাংলাদেশ দূতাবাস, নরওয়েতে বসবাসরত সকল বাংলাদেশী নাগরিকদের আগামী ১০-১১ অক্টোবর ২০২৬ (শনিবার ও রবিবার) নরওয়ের রাজধানী অসলোতে ই-পাসপোর্ট সেবাসহ বিশেষ কনস্যুলার সেবা প্রদান করবে।

স্থানঃ Grorudveien 7, 0962, Oslo, Norway

তারিখ ও সময়ঃ ১০ অক্টোবর ২০২৬ (শনিবার), সকাল ০৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত।
১১ অক্টোবর ২০২৬ (রবিবার), সকাল ০৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত।

ক) সবাইকে সতর্কতার সাথে নির্দিষ্ট সার্ভিসের নির্ধারিত ফি পরিশোধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সেবাসমূহের নির্ধারিত ফি-এর অতিরিক্ত অর্থ ফেরতযোগ্য নয়।

খ) সকল ধরনের সেবার জন্য প্রয়োজনীয় কাগজপত্রের প্রিন্ট কপি/হার্ড কপি সাথে করে নিয়ে আসার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। কনস্যুলার সেবাস্থলে প্রিন্ট করার সুবিধা প্রদান সম্ভব নয়।

গ) সকল ধরণের সেবা গ্রহণের জন্য ইমেইল প্রেরণের সময়সীমা বুধবার, ০৭ অক্টোবর ২০২৬ (সময় ১৫:০০ ঘটিকা)।

ঘ) অসম্পূর্ণ আবেদন এবং প্রয়োজনীয় কাগজপত্র ব্যতিরেকে ইমেইল প্রেরণ করলে তা বাতিল হিসেবে বিবেচিত হবে এবং রিপ্লাই দেয়া হবেনা।

ঙ) ই-পাসপোর্ট, পাওয়ার অব অ্যাটর্নি, লিগালাইজেশন/সত্যায়ণ-এর ক্ষেত্রে পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট ব্যতীত কোন আবেদন ক্যাম্পে গ্রহণ করা হবে না। অ্যাপয়েন্টমেন্ট স্লট বুক হওয়ার কারণে যারা অ্যাপয়েন্টমেন্ট পাবেন না, তারা পরবর্তী অনুষ্ঠিতব্য কনস্যুলার ক্যাম্প-এর সার্কুলার হওয়ার পর ইমেইল প্রেরণ করে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করতে পারবেন। এছাড়া বাংলাদেশ দুতাবাস, স্টকহোম-এ যোগাযোগ করে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে দূতাবাসে সেবা গ্রহণ করতে পারবেন।

সেবার ধরণ	প্রয়োজনীয় কাগজপত্র
ই-পাসপোর্ট বায়োমেট্রিক এনরোলমেন্টের জন্য অ্যাপ্লিকেশন ও সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ ইমেইলে প্রেরণ পূর্বক পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট অত্যাবশ্যক। অ্যাপয়েন্টমেন্ট-এ উল্লিখিত সময়ের ৩০ মিনিট পূর্বে ক্যাম্পে উপস্থিত হয়ে দূতাবাসের প্রতিনিধিদলকে জানাতে হবে। আবেদনকারীর বয়স ৬ এর কম হলে বায়োমেট্রিক প্রয়োজন নেই বিধায় প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ অ্যাপ্লিকেশন পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই ক্যাম্পে জমা দেয়া যাবে। উল্লেখ্য যে, ই-পাসপোর্ট এর আবেদন করার সময় অনলাইন ফরমে দেখানো যে কোন তারিখ ও সময় সিলেক্ট করে আবেদন সমাপ্ত করতে হবে এবং অ্যাপ্লিকেশন ফি এর ক্ষেত্রে অফলাইন সিলেক্ট করে সার্কুলারে বর্ণিত অ্যাপ্লিকেশন ফি বাংলাদেশ দূতাবাস, স্টকহোম- এর ব্যাংক একাউন্টে পরিশোধ করতে হবে।	• অনলাইনে অ্যাপ্লিকেশন পূরণ করার জন্য ভিজিট করুনঃ www.epassport.gov.bd • অনলাইনে অ্যাপ্লিকেশন পূরণ করার সময় যেকোনো তারিখ ও সময় সিলেক্ট করে আবেদন সম্পন্ন করতে হবে। • অ্যাপয়েন্টমেন্টের জন্য অনলাইনে পূরণকৃত অ্যাপ্লিকেশনের কপি (ডাউনলোডকৃত পিডিএফ কপি স্পষ্ট বারকোডসহ), এবং প্রয়োজনীয় কাগজপত্র পিডিএফ কপি [**NID (উভয় পাশ (সামনের ও পেছনের অংশ) এক পৃষ্ঠায়)/Birth Registration Certificate, Previous Passport Copy, Payment Receipt, Norwegian Residence/ID card (উভয় পাশ (সামনের ও পেছনের অংশ) এক পৃষ্ঠায়) এবং প্রযোজ্য ক্ষেত্রে Student Documents, Marriage Certificate, Divorce Certificate and others Documents**] ও ফোন নম্বরসহ consular.stockholm@mofa.gov.bd ইমেইলে প্রেরণ করতে হবে। ই-মেইলের সাবজেক্ট-এ **Appointment for e-Passport** লিখতে হবে। ফিরতি ইমেইলের মাধ্যমে আবেদনকারীকে কনস্যুলার ক্যাম্প -এ অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে; • বাংলাদেশি পাসপোর্টের ইনফরমেশন পেজের স্পষ্ট ফটোকপি। (হারিয়ে যাওয়া পাসপোর্টের ক্ষেত্রে পুলিশ রিপোর্ট জমা দিতে হবে); • উল্লেখ্য যে, কেউ যদি পূর্ববর্তী পাসপোর্ট জাতীয় পরিচয়পত্র দিয়ে করে থাকেন তাহলে তাকে অবশ্যই জাতীয় পরিচয়পত্রের কপি প্রেরণ করতে হবে। এক্ষেত্রে জন্ম নিবন্ধনের কপি প্রযোজ্য হবে না; • স্টুডেন্টদের জন্য হ্রাসকৃত ফি সুবিধা পাওয়ার জন্য বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত বৈধ পরিচয়পত্র ও বর্তমান সেমিস্টারের অ্যাডমিশন পেপার সাবমিট করতে হবে। (এই ফি শুধুমাত্র আন্ডার-গ্রাজুয়েট ও মাস্টার্স স্টুডেন্টদের জন্য);

Embassy of Bangladesh
Stockholm

সেবার ধরণ	প্রয়োজনীয় কাগজপত্র
	• সাদা ব্যাকগ্রাউন্ডে 3R সাইজের কালার ছবি (শুধুমাত্র ৬ বছরের কম বয়সী আবেদনকারীর জন্য ছবি প্রযোজ্য)। এক্ষেত্রে দূতাবাসের ওয়েবসাইটের নির্দেশনা অনুসরণপূর্বক কনস্যুলার ক্যাম্পে ছবি জমা দিতে হবে। • ই-পাসপোর্ট এর সকল আবেদনকারীর ছবি তোলার ক্ষেত্রে সাদা এবং হালকা রঙের পোশাক পরিধান গ্রহণযোগ্য নয়। • **অ্যাপ্লিকেশন ফিঃ** **(ক) সাধারণ ফিঃ** ○ ৪৮ পেজের ৫ বছর মেয়াদী পাসপোর্ট- ১১০০.০০ সুইডিশ ক্রোনার ○ ৪৮ পেজের ১০ বছর মেয়াদী পাসপোর্ট- ১৩৭৫.০০ সুইডিশ ক্রোনার ○ ৬৪ পেজের ৫ বছর মেয়াদী পাসপোর্ট- ১৬৫০.০০ সুইডিশ ক্রোনার ○ ৬৪ পেজের ১০ বছর মেয়াদী পাসপোর্ট- ১৯২৫.০০ সুইডিশ ক্রোনার
	(খ) স্টুডেন্ট ফিঃ ○ ৪৮ পেজের ৫ বছর মেয়াদী পাসপোর্ট- ৩৩০.০০ সুইডিশ ক্রোনার ○ ৪৮ পেজের ১০ বছর মেয়াদী পাসপোর্ট- ৫৫০.০০ সুইডিশ ক্রোনার ○ ৬৪ পেজের ৫ বছর মেয়াদী পাসপোর্ট- ১৬৫০.০০ সুইডিশ ক্রোনার ○ ৬৪ পেজের ১০ বছর মেয়াদী পাসপোর্ট- ১৯২৫.০০ সুইডিশ ক্রোনার
মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি)	• বর্তমানে MRP সেবা বাংলাদেশ সরকার কর্তৃক বন্ধ করা হয়েছে।
নো ভিসা রিকয়ার্ড (NVR) **(পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট প্রয়োজন নেই)** বিঃ দ্রঃ ক্যাম্পে শুধু NVR/ভিসা-এর আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা নেয়া হবে। ক্যাম্পে কোন NVR/ভিসা ইস্যু করা হবেনা।	• অনলাইনে (https://visa.gov.bd/) পূরণকৃত অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্টেড কপি; • মূল পাসপোর্ট; • ১ কপি সম্প্রতি তোলা ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি); • বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের ফটোকপি অথবা পূর্বের NVR এর ফটোকপি (পাসপোর্টের ইনফরমেশন পেইজ সহ); • বিদেশী স্বামী/স্ত্রী ও সন্তানদের জন্য উপরোল্লিখিত পেপার সহ নরওয়েজিয়ান পপুলেশন এক্সট্রাক্টের কপি; • পেমেন্ট স্লিপ (ফি ১০০০ সুইডিশ ক্রোনার); • পোস্টাল পেমেন্টের স্লিপ (১ টি পাসপোর্টের ক্ষেত্রে ১৬০ সুইডিশ ক্রোনার, পরবর্তী প্রতিটির জন্য ৩০ ক্রোনার) এবং ঠিকানাসহ ফেরত খাম।
পাওয়ার অব অ্যাটর্নি* **(সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ ইমেইলে প্রেরণ পূর্বক পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট অত্যাবশ্যক)**	• পাওয়ার অব অ্যাটর্নি মূলকপি ও ফটোকপি; • দাতা ও গ্রহীতার প্রত্যেকের ০১ কপি ছবি; • দাতা ও গ্রহীতার বাংলাদশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্রের মূল কপি ও ফটোকপি এবং • পেমেন্ট স্লিপ (ফি প্রথম পাঁচ পৃষ্ঠা ৬৫০ সুইডিশ ক্রোনার এবং পরবর্তী প্রতি পৃষ্ঠা ৬০ সুইডিশ ক্রোনার)।
লিগালাইজেশন/সত্যায়ণ **(সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ ইমেইলে প্রেরণ পূর্বক পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট অত্যাবশ্যক)**	• পাসপোর্ট সত্যায়ণের জন্য মূল পাসপোর্ট ও পাসপোর্টের ফটোকপি; • বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় হতে সত্যায়িত সকল ডকুমেন্ট (বিবাহ সনদ, পুলিশ ক্লিয়ারেন্স ইত্যাদি) ভেরিফিকেশনের জন্য এই ক্যাম্পিং এর পূর্বেই ইমেইলে প্রেরণ করতে হবে; • পেমেন্ট স্লিপ (ফি প্রথম পাঁচ পৃষ্ঠা ২৫০ সুইডিশ ক্রোনার এবং পরবর্তী প্রতি পৃষ্ঠা ২৫ সুইডিশ ক্রোনার)।
বিশেষ সেবাঃ বিশেষ সেবাগুলো পেতে দূতাবাসকে কনস্যুলার ক্যাম্পিং-এর পূর্বে নির্ধারিত তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত ইমেইলে যোগাযোগ করুন: consular.stockholm@mofa.gov.bd	• যে সকল সেবা গ্রহীতার বাংলাদেশি ই-পাসপোর্ট, নরওয়েজিয়ান পাসপোর্ট ও বাংলাদেশি জন্ম নিবন্ধণ সনদ দূতাবাসে আছে, সেই সকল পাসপোর্ট ও সনদ ক্যাম্পিং এর সময় প্রদান করা হবে; এক্ষেত্রে, **সেবার ধরণ, নাম, ফোন নম্বর এবং ই-পাসপোর্ট এর জন্য OID/Application নম্বর, নরওয়েজিয়ান পাসপোর্ট এর জন্য Passport নম্বর ও বাংলাদেশি জন্ম নিবন্ধণ এর জন্য ইস্যুকৃত বাংলাদেশি জন্ম নিবন্ধণ এর কপি সংযুক্ত করে ইমেইল প্রেরণ করতে হবে। ইমেইলটি এই বিজ্ঞপ্তি**

Embassy of Bangladesh Stockholm

সেবার ধরণ	প্রয়োজনীয় কাগজপত্র
	প্রকাশের তারিখ থেকে ০৭ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে হতে হবে। ফিরতি ইমেইলের মাধ্যমে কনফার্ম করা হবে। • বাংলাদেশি নতুন পাসপোর্ট গ্রহণের জন্য পুরাতন পাসপোর্ট অবশ্যই সাথে আনতে হবে; • নরওয়েজিয়ান পাসপোর্ট গ্রহণের জন্য নরওয়েজিয়ান জাতীয় পরিচয় পত্র সাথে আনতে হবে এবং • জন্ম সনদ গ্রহণের জন্য বাংলাদেশি পাসপোর্ট/নরওয়েজিয়ান আইডির সাথে পপুলেশন এক্সট্রাক্ট সাথে আনতে হবে। • অথোরাইজড ব্যক্তি বিশেষ সেবা গ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে, আবেদনকারীর অথোরাইজেশন লেটার ইমেইলে প্রেরণ করতে হবে এবং অথোরাইজড ব্যক্তি উক্ত লেটার এবং আইডি কার্ড এর কপিসহ ক্যাম্পে উপস্থিত হতে হবে।

ব্যাংক অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য (সকল ফি অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা বাধ্যতামূলক)

Embassy of Bangladesh, Stockholm
Account No. 3256 17 13415
IBAN No. SE3230000000032561713415
SWIFT CODE: NDEASESS
Nordea Bank AB
171 21 Solna, Sweden

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন:
সোমবার-শুক্রবার, ১০:০০-১৩:০০ সময় ও ১৪:০০-১৬:০০ সময় (সরকারি ছুটি ব্যতীত)।
জনাব মোঃ নাহিদ হাসান
প্রশাসনিক কর্মকর্তা
ফোন: ০০৪৬৮৫১৯৩১৩২৩, ০০৪৬৭০৪৩৯৬০০২
ই-মেইল: consular.stockholm@mofa.gov.bd

**** অনুগ্রহ করে বিজ্ঞপ্তিটি মনোযোগসহকারে পড়ুন এবং আপনার কাঙ্ক্ষিত সেবাসমূহ নিন****

Embassy of Bangladesh
Stockholm